

প্রেস রিলিজ
০৫ অক্টোবর ২০২৫

চেন্নাইয়ে ব্লেণ্ডেড লার্নিং বিষয়ক আন্তর্জাতিক সভায় যোগ দিচ্ছেন বাউবির উপাচার্য ও কোষাধ্যক্ষ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাম্মদ শামীম আগামী ৬ থেকে ৯ অক্টোবর ২০২৫ ভারতের চেন্নাইয়ে অনুষ্ঠিতব্য “Blended Learning in Technical and Vocational Education and Training (TVET)” শীর্ষক আন্তর্জাতিক পরামর্শ সভায় অংশগ্রহণ করবেন। এ উপলক্ষে আজ রবিবার ঢাকা থেকে চেন্নাইয়ের উদ্দেশ্যে রওনা হয়েছেন তারা। অনুষ্ঠানটি যৌথভাবে আয়োজন করছে ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনিক্যাল টিচার্স ট্রেনিং অ্যান্ড রিসার্চ (NITTTR) চেন্নাই এবং কমনওয়েলথ এডুকেশনাল মিডিয়া সেন্টার ফর এশিয়া (CEMCA)। প্রতিদিন সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত চেন্নাই তারামানির CSIR রোডের মূল ভেন্যুর অডিটোরিয়ামে চলবে এই কার্যক্রম। বাংলাদেশ, ভারত, জার্মানি, মালয়েশিয়া, থাইল্যান্ডসহ অন্তত ১২টি দেশের প্রতিনিধি এতে অংশ নেবেন।

জানা যায়, আলোচনায় মূলত ব্লেণ্ডেড লার্নিং মডেল— যা অনলাইন, অফলাইন ও কর্মক্ষেত্রভিত্তিক শিক্ষাকে একত্রিত করে তার বাস্তবায়ন কৌশল, কারিগরি শিক্ষার আধুনিকায়ন ও শিল্পখাতের সঙ্গে কার্যকর সংযোগ স্থাপনের বিষয়গুলো গুরুত্ব পাবে। দূরশিখন বিশেষজ্ঞদের মতে, এই শিক্ষা শুধু কর্মসংস্থানের সুযোগই নয়, উদ্যোক্তা তৈরিতেও সহায়ক এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG-4 ও SDG-8) অর্জনে অবদান রাখবে।

সফরকালীন বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ও আর্থিক কার্যক্রম নির্বাহী রাখতে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন উপাচার্যের এবং প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সাঈদ ফেরদৌস পিএইচডিকে ভারপ্রাপ্ত কোষাধ্যক্ষ হিসেবে দায়িত্ব প্রদান করা হয়েছে।

উপাচার্য ও ট্রেজারারের এই আন্তর্জাতিক সভায় অংশগ্রহণের অভিজ্ঞতা বাউবির শিক্ষা উন্নয়ন পরিকল্পনা, শিক্ষক প্রশিক্ষণ, শিল্পখাতের সঙ্গে সংযোগ এবং দক্ষ মানবসম্পদ তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে এমনটা আশা প্রকাশ করেন সবাই।



মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল: ০১৭১১২০৭৬৯৮